# নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ প্রধান প্রকৌশলীর দপ্তরের শূন্য পদসমূহের নামের পার্শ্বে উল্লেখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ-

| পদের নাম ও বেতন স্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| (১) কার্যসহকারী<br>টাঃ ৯৩০০-২২,৪৯০/- বেতন স্কেলে<br>(জাতীয় বেতন স্কেল-২০১৫) | ০১টি | প্রার্থীকে এস.এস.সি/এইচ.এস.সি/সমমানের ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.০০ এবং সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ২.৭৫ সহ স্নাতক পাস ও সরকার অনুমোদিত কারিগরি ইনস্টিটিউট হতে ১ বছর মেয়াদি ট্রেডকোর্স পাস হতে হবে। প্রার্থীকে সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ০৬ (ছয়) মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ অটোক্যাড 2D প্রোগ্রামে পারদর্শী ও কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। তবে সংশ্লিষ্ট বিষয়ে অধিকতর একাডেমিক যোগ্যতাসম্পন্ন প্রার্থীকে অথবা উপরের শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন মুক্তিযোদ্ধার সন্তানাদিকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| (২) লিফটম্যান<br>টাঃ ৯৩০০-২২,৪৯০/- বেতন স্কেলে<br>(জাতীয় বেতন স্কেল-২০১৫) | ০৩টি | প্রার্থীকে এস.এস.সি/এইচ.এস.সি/সমমানের ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.০০ এবং সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ২.৭৫ সহ স্নাতক পাস হতে হবে। প্রার্থীকে সরকার অনুমোদিত কোন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ০৬ (ছয়) মাস মেয়াদি ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল ট্রেডকোর্স পাশসহ লিফট পরিচালনা, সার্ভিসিং ও রক্ষণাবেক্ষণ কাজে ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। |
| (৩) স্যুয়ারেজ মিস্ত্রি<br>টাঃ ৯০০০-২১,৮০০/- বেতন স্কেলে<br>(জাতীয় বেতন স্কেল-২০১৫) | ০১টি | প্রার্থীকে এস.এস.সি/সমমানের ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.০০ পাস হতে হবে। প্রার্থীকে সরকার অনুমোদিত যে কোন কারিগরি প্রতিষ্ঠান হতে ০১ (এক) বছর মেয়াদি স্যুয়ারেজ/প্লাম্বিং ট্রেডকোর্স পাশসহ সংশ্লিষ্ট কাজে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |

আবেদনকারীদের অবশ্যই আবেদনপত্রে তার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। এরূপ কোন তথ্য গোপন করলে বা উল্লেখ না করলে ভবিষ্যতে তার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে। এছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হবে না।

রেজিস্ট্রার-এর অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাশের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে পূর্ণ জীবনবৃত্তান্ত উল্লেখপূর্বক রেজিস্ট্রার বরাবর লিখিত আবেদনপত্র আগামী ১৮-৮-২০২২ খ্রিস্টাব্দ/০৩-০৫-১৪২৯ বঙ্গাব্দ তারিখের মধ্যে প্রধান প্রকৌশলী, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অফিসে পৌছাতে হবে।

চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। চাকরির অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

ডিজি-১৫৭২/২২ (৭"×৩)